

39

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সম্পর্কিত  
রিপোর্ট বাতিলের দাবী**  
নিজস্ব বার্তা পরিবেশক।  
চট্টগ্রাম, ১০ই জুলাই।- চাকসু ও  
সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয় সম্পর্কে এক সদস্য-  
বিশিষ্ট তদন্ত কমিশনের রিপোর্টে  
'দায়িত্বহীন, যুক্তিহীন ও সম্পূর্ণ  
পক্ষপাতমূলক' বলে অভিযুক্ত করে এই  
রিপোর্ট বাতিল করার দাবী  
জানিয়েছেন।

**ছাত্র গণজমায়েত**  
আগামীকাল বৃহস্পতিবার সকাল  
১১টার দোস্ত বিন্ডিংস্ ডাঃ মিলন  
চত্বরে চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্যের  
উদ্যোগে এক ছাত্র গণজমায়েত  
অনুষ্ঠিত হবে।

**সাংবাদিকদের দাবী**  
চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের  
সভাপতি আশতার উন-নবী ও  
সাধারণ সম্পাদক অঞ্জন কুমার সেন  
এক বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের  
২২শে ডিসেম্বরের ঘটনা সম্পর্কে  
একজন বিচারপতিকে নিয়ে গঠিত তদন্ত  
কমিশনের রিপোর্টে চট্টগ্রামের সংবাদ-  
পত্র সম্পর্কে লিপিবদ্ধ করা মন্তব্যকে  
একপেশে, অবাঞ্ছিত, অসম্পূর্ণ ও  
সাংবাদিকতার স্বাধীনতার উপর নগ্ন  
হুমকিপ বলে অভিহিত করেছেন এবং  
উক্ত কমিশনের অপসারণপূর্বক নতুন  
করে একাধিক সদস্যবিশিষ্ট একটি  
তদন্ত কমিশন নিয়োগ করে সমগ্র  
ঘটনাবলীর বিশদ তদন্তের জন্যে  
অস্থায়ী রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রিসহ  
সরকারী কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ  
করেছেন।